# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৩৬৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৬০]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৪৫ : ভাল লোকদের সাথে সাক্ষাৎ করা, তাঁদের সাহচর্য গ্রহণ করা, তাঁদেরকে ভালবাসা, তাঁদেরকে বাড়িতে দাওয়াত দেওয়া, তাঁদের কাছে দো'আ চাওয়া এবং বরকতময় স্থানসমূহের দর্শন

بَابُ زِيَارَةِ أَهْلِ الْخَيْرِ وَمُجَالَسَتِهِمْ وَصُحْبَتِهِمْ وَمَحَبَّتِهِمْ وَطَلَبِ زِيَارَتِهِمْ وَالدُّعَاءِ مِنْهُمْ وَزِيَارَةِ الْمَوَاضِعِ الْفَاضِلَةِ ـ (45)

---

আরবী

وَعَن أَنَسٍ رضي الله عنه، قَالَ : قَالَ أَبُو بَكرٍ لِعُمَرَ رَضِيَ اللهُ عَنهُمَا بَعْدَ وَفَاةِ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم : انْطَلِقْ بِنَا إِلَى أُمِّ أيْمَنَ رَضِيَ اللهُ عَنها نَزُورُهَا كَمَا كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يَزُورُهَا، فَلَمَّا انْتَهيَا إِلَيْهَا، بَكَتْ، فَقَالاَ لَهَا : مَا يُبْكِيكِ ؟ أمَا تَعْلَمِينَ أنَّ مَا عِنْدَ اللهِ خَيْرٌ لرَسُولِ اللهِ صلى الله عليه وسلم، فَقَالَتْ : مَا أَبْكِي أَنْ لاَ أَكُونَ أَعْلَمُ أنَّ مَا عِنْدَ الله تَعَالَى خَيْرٌ لِرَسُولِ اللهِ صلى الله عليه وسلم، وَلَكِنْ أبكي أنَّ الوَحْيَ قدِ انْقَطَعَ مِنَ السَّماءِ، فَهَيَّجَتْهُمَا عَلَى البُكَاءِ، فَجَعَلا يَبْكِيَانِ مَعَهَا . رواه مسلم

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَإِذۡ قَالَ مُوسَىٰ لِفَتَىٰهُ لَآ أَبۡرَحُ حَتَّىٰٓ أَبۡلُغَ مَجۡمَعَ ٱلۡبَحۡرَيۡنِ أَوۡ أَمۡضِيَ حُقُبٗا ٦٠ ﴾ [الكهف: ٦٠]
إِلَى قوله تَعَالَى : ﴿ قَالَ لَهُۥ مُوسَىٰ هَلۡ أَتَّبِعُكَ عَلَىٰٓ أَن تُعَلِّمَنِ مِمَّا عُلِّمۡتَ رُشۡدٗا ٦٦ ﴾ [الكهف: ٦٦]

অর্থাৎ "(স্মরণ কর,) যখন মূসা তার সঙ্গীকে বলেছিল, দুই সমুদ্রের সঙ্গমস্থলে না পৌঁছে আমি থামব না অথবা আমি যুগ যুগ ধরে চলতে থাকব।" -এখান থেকে আল্লাহর বাণী:- "মূসা তাকে বলল, সত্য পথের যে জ্ঞান আপনাকে দান করা হয়েছে, তা হতে আমাকে শিক্ষা দেবেন এই শর্তে আমি আপনার অনুসরণ করব কি?" (সূরা কাহফ ৬০-৬৬ আয়াত)

তিনি আরো বলেন,

﴿وَٱصۡبِرۡ نَفۡسَكَ مَعَ ٱلَّذِينَ يَدۡعُونَ رَبَّهُم بِٱلۡغَدَوٰةِ وَٱلۡعَشِيِّ يُرِيدُونَ وَجۡهَهُۥۖ﴾ [الكهف: ٢٨]

অর্থাৎ “তুমি নিজেকে তাদেরই সংসর্গে রাখ যারা সকাল ও সন্ধ্যায় তাদের প্রতিপালককে তাঁর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আহ্বান করে।” (সূরা কাহফ ২৮ আয়াত

---

১/৩৬৪। আনাস রাদিয়াল্লাহু ’আনহু বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জীবনাবসানের পর আবূ বকর সিদ্দীক রাদিয়াল্লাহু ’আনহু উমার রাদিয়াল্লাহু ’আনহু-কে বললেন, ’চলুন, আমরা উম্মে আইমানের সাথে সাক্ষাৎ করতে যাই, যেমন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সাথে সাক্ষাৎ করতে যেতেন।’ সুতরাং যখন তাঁরা উম্মে আইমানের কাছে পৌঁছলেন, তখন তিনি কেঁদে ফেললেন। অতঃপর তাঁরা তাঁকে বললেন, ’তুমি কাঁদছ কেন? তুমি কি জানো না যে, আল্লাহর কাছে যা রয়েছে, তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য (দুনিয়া থেকে) অধিক উত্তম?

তিনি উত্তর দিলেন, ’আমি এ জন্য কান্না করছি না যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য আল্লাহর নিকট যা রয়েছে, তা অধিকতর উত্তম সে কথা আমি জানি না। কিন্তু আমি এজন্য কাঁদছি যে, আসমান হতে ওহী আসা বন্ধ হয়ে গেল।’ উম্মে আইমান (তাঁর এ দুঃখজনক কথা দ্বারা) ঐ দু’জনকে কাঁদতে বাধ্য করলেন। ফলে তাঁরাও তাঁর সাথে কাঁদতে লাগলেন। (মুসলিম) [1]

## English

(45) Chapter: Visiting the Pious Persons, loving them and adoption of their company

Allah, the Exalted, says:
"And (remember) when Musa (Moses) said to his boy-servant: `I will not give up (travelling) until I reach the junction of the two seas or (until) I spend years and years in travelling''' (up to) "... Musa (Moses) said to him (Khidr): `May I follow you so that you teach me something of that knowledge (guidance and true path) which you have been taught (by Allah)?". (18:60-66)

"And keep yourself (O Muhammad (PBUH)) patiently with those who call on their Rubb (i.e., your
companions who remember their Rubb with glorification, praising in prayers, and other righteous deeds)
morning and afternoon, seeking His Pleasure.'' (18:28)

Anas bin Malik (May Allah be pleased with him) reported:
After the death of Messenger of Allah (ﷺ), Abu Bakr (May Allah be pleased with him) said to 'Umar (May Allah be pleased with him) : "Let us visit Umm

Aiman (May Allah be pleased with her) as Messenger of Allah (ﷺ) used to visit her". As we came to her, she wept. They (Abu Bakr and 'Umar (May Allah be pleased with him) said to her, "What makes you weep? Do you not know that what Allah has in store for His Messenger (ﷺ) is better than (this worldly life)?" She said, "I weep not because I am ignorant of the fact that what is in store for Messenger of Allah (ﷺ) (in the Hereafter) is better than this world, but I weep because the Revelation has ceased to come". This moved both of them to tears and they began to weep along with her.

[Muslim].

Commentary: Umm Aiman (May Allah be pleased with her) belonged to Ethiopia and was a slave-girl of the Prophet's father (`Abdullah bin `Abdul-Muttalib). After the death of `Abdullah, Umm Aiman (May Allah be pleased with him) remained with the Prophet's mother, Aminah, and took great care in his upbringing. Subsequently, the Prophet (PBUH) set her free and then she was married to Zaid bin Harithah (May Allah be pleased with her) This Hadith holds justification for weeping over the death of the pious and also shows that it is desirable to visit such persons to whom one's friends go to pay respect. The incident mentioned in this Hadith also shows the love that the Companions of the Prophet (PBUH) had for him.

## ফুটনোট

[1] মুসলিম ২৪৫৪, ইবনু মাজাহ ১৬৩৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22795

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন